বৃহত্তর কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ ইনক এর ইফতার ও দোয়া মাহফিল

‘ ‘সকলের তরে সকলে আমরা, প্রত্যেকে মোরা পরের তরে’’ এই স্লোগানে বৃহত্তর কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ ইনক্ এর আয়োজনে পবিত্র মাহে রমজান উপলক্ষে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত মঙ্গলবার নিউ ইয়ার্কের ব্রক্স কাউন্টির পার্ক চেস্টারে খলিল এন্ড চাইনিজ রেস্তোরায় ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

প্রতি বছরের ন্যায় এবছরও বৃহত্তর কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ ইনক এর সদস্যরা পরিবার অন্যান্য সদস্যদের নিয়ে ইফতার পার্টির আয়োজন করে থাকে।

ইফতার অনুষ্ঠানে অংশ নিতে আসা আবু বক্কর সিদ্দিক জানান, বিদেশের মাটিতে সবাই কর্মব্যস্ততার মধ্যে থাকায় পরিবারে সদস্য ছাড়া কারো সাথে তেমন একটা যোগাযোগ করা সম্ভব হয় না। তাই এই ধরনের আয়োজনের মধ্য দিযে বিভিন্ন স্টেটে অবস্থানরত বাঙালিরা একত্রিত হলে মনে হয় এ যেন এক টুকরো বাংলাদেশ পেয়েছি। তাই এই ধরনের আয়োজন বেশি বেশি করা দরকার। তাতে হাজার কিলো দূরে পরিবারকে ছেড়ে থাকার কষ্ট কিছুটা হলেও কমবে। তাই এই ধরনের মিলনমেলার আয়োজনকারীদের প্রতি অসংখ্য কৃতজ্ঞতা প্রকাশ করেন ইফতারে অংশ নিতে আসা আবু বক্কর সিদ্দিক।

বৃহত্তর কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ ইনক্ এর সভাপতি আব্দুল ওয়াহেদের সভাপতিত্বে দোয়া মাহফিলে অন্যানের মধ্যে সাধারণ সম্পাদক মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন রাসেল, আহবায়ক শরিফুল হক হাসান, প্রধান সমম্বয়কারী মোহাম্মদ নুরুজ্জামান সিদ্দিকী, সদস্য সচিব মোহাম্মদ জগলুল হক শাহীন, প্রধান উপদেষ্টা মোঃ মনিরুল ইসলাম মনির ও উপদেষ্টা মন্ডলির সদস্য মোঃ রাজিবুল ইসলাম রাজিব, মোহাম্মদ কামরুজ্জামান গুলু, মোঃ মেহেদী হাসান ও শরিফুল ইসলাম ছাড়াও কুমিল্লা ডিস্ট্রিক্ট অ্যাসোসিয়েশনের সভাপতি আবুল খায়ের এবং সাধারণ সম্পাদক এইচ এম মিজানুর রহমানসহ ইউএসএ ইনক্ এর পরিবাদের সদস্যরা উপস্থিত ছিলেন।